

## প্রেস রিলিজ

২৫ মে ২০২৪

বাউবির এলএলবি অনার্স এবং বিএ ও বিএসএস অনার্স এর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত ৪ বছর মেয়াদি এলএলবি অনার্স এবং বিএ ও বিএসএস অনার্স প্রোগ্রামের ভর্তি পরীক্ষা আজ ২৫ মে ২০২৪ শনিবার বিকালে গাজীপুরস্থ মূল ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এ ভর্তি পরীক্ষা পরিদর্শন করেন। এ সময় সাথে ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন এবং সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর আলম।  
উল্লেখ্য যে, ৪ বছর মেয়াদি এলএলবি অনার্স প্রোগ্রামে ১৫৭৭ জন এবং ৪ বছর মেয়াদি বিএ ও বিএসএস অনার্স প্রোগ্রামে ১২৩৩ জন এ ভর্তি পরীক্ষা অংশ নেন।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)